



## বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/মি, আগারগাঁও, পের-২, বাংলা নগর,  
ঢাকা ১৩০৭।  
www.bteb.gov.bd

স্মারক নং : ৫৭.১৭.০০০০.২০৭.৩৩.২৪.০১-৬২

তারিখ:

১১ই অগ্রহায়ন, ১৪৩১ বঙ্গাব্দ  
২৬ নভেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

### ডিপ্লোমা পর্যায়ে সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানসমূহে সরাসরি ৩য় পর্বে

#### শূন্য আসনে শিক্ষার্থী ভর্তি বিষয়ক বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার, ডিপ্লোমা-ইন-লাইভস্টক, ডিপ্লোমা-ইন-ফিসারিজ ও ডিপ্লোমা-ইন-ফরেন্সি শিক্ষাক্রম অনুমোদিত সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানসমূহে এইচএসসি (বিজ্ঞান), এইচএসসি (ভোকেশনাল) ও আলিম(বিজ্ঞান) হতে উত্তীর্ণ শিক্ষার্থীদের সরাসরি ৩য় পর্বে শূন্য আসনে ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা হচ্ছে। আগ্রহী শিক্ষার্থীগণকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান বরাবর নিম্নবর্ণিত তারিখের মধ্যে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের নির্ধারিত ফরমে (সংযুক্ত-১) আবেদন করতে হবে।

#### (ক) শিক্ষার্থীর আবেদনের যোগ্যতা :

- ক) বাংলাদেশের স্বীকৃত শিক্ষা বোর্ড হতে গনিভ/উচ্চতর গণিতে পাশসহ এইচএসসি (বিজ্ঞান)/এইচএসসি (ভোকেশনাল)/আলিম (বিজ্ঞান) এ উত্তীর্ণ হতে হবে;  
খ) সরকারি প্রতিষ্ঠানের জন্য ২০২১ হতে ২০২৫ সালে এইচএসসি (বিজ্ঞান), এইচএসসি (ভোকেশনাল) ও আলিম (বিজ্ঞান) বিভাগ হতে উত্তীর্ণসহ ন্যূনতম জিপিএ ২.৫০ প্রাপ্ত শিক্ষার্থীরা ভর্তির আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে;  
গ) বেসরকারি প্রতিষ্ঠানের জন্য ২০১৬ হতে ২০২৫ সালে এইচএসসি (বিজ্ঞান)/এইচএসসি (ভোকেশনাল)/আলিম (বিজ্ঞান) উত্তীর্ণসহ ন্যূনতম জিপিএ ২.০০ প্রাপ্ত শিক্ষার্থীরা ভর্তির আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে।

#### (খ) প্রতিষ্ঠান কর্তৃক বোর্ড আবেদন প্রেরণের নিয়মাবলী :

সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রাপ্ত সকল আবেদন নিম্নবর্ণিত তারিখের মধ্যে স্ব স্ব প্রতিষ্ঠানে login করে বোর্ডের ওয়েবসাইটে রেজিস্ট্রেশন ব্লকের ডিপ্লোমা/এইচএসসি পর্যায়ে "All Diploma (Engg/Text/Agri/Fish/Live/Forest) (3rd Semester) Admission for HSC (Science) Student (Link 1, Link 2, Link 3)" \* লিংক-এ প্রবেশ করে প্রথমে Technology & Shift wise শূন্য আসনের তথ্য দিতে হবে। এরপর Admission Data Entry Form এ Click করে শিক্ষার্থীর তথ্য Entry সম্পন্ন করতে হবে। উল্লেখ্য, প্রতিষ্ঠানে শূন্য আসন না থাকলে ভর্তির জন্য Entry দেওয়া যাবে না। তবে এক্ষেত্রে প্রতিষ্ঠানের তালিকা হতে শূন্য আসন রয়েছে এমন প্রতিষ্ঠানকে নির্বাচন করে Entry দেওয়া যাবে। একজন শিক্ষার্থীর জন্য সর্বোচ্চ ০২ (দুইটি) প্রতিষ্ঠান নির্বাচন করা যাবে।

#### (গ) ভর্তি বিষয়ক সময়সূচি :


ক্রম নং	সময়সূচি	সময়কাল
১।	শিক্ষার্থীদের প্রতিষ্ঠানে আবেদনের সময়	০৪ ডিসেম্বর হতে ২৪ ডিসেম্বর, ২০২৫খ্রি.
২।	প্রতিষ্ঠান থেকে আবেদনকারীর তথ্য অন-লাইনে বোর্ডে প্রেরণের সময়	১০ ডিসেম্বর হতে ৩১ ডিসেম্বর, ২০২৫খ্রি.
৩।	বোর্ড কর্তৃক প্রতিষ্ঠান ভিত্তিক নির্বাচিত শিক্ষার্থীদের মেধা তালিকার ভিত্তিতে চূড়ান্ত তালিকা প্রকাশ	১১ জানুয়ারি, ২০২৬খ্রি.
৪।	শিক্ষার্থীর স্ব-শরীরে উপস্থিত হয়ে প্রতিষ্ঠানে ভর্তির সময়	২৫ জানুয়ারি হতে ১০ ফেব্রুয়ারি ২০২৬খ্রি.
৫।	প্রতিষ্ঠানকর্তৃক আবেদনকৃত শিক্ষার্থীদের আবেদন ফি এবং ভর্তিকৃত শিক্ষার্থীর মূল সনদপত্র ও মূল নথরপত্র বোর্ডের কারিকুলাম বিভাগে (নেতৃত্ব ভবন, ৭ম ভলায়) ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ও টেক্সটাইল শিক্ষাক্রমের জন্য-৭০৪ নম্বর কক্ষে এবং এগ্রিকালচার, ফিসারিজ, ফরেন্সি এবং লাইভস্টক শিক্ষাক্রমের জন্য-৭০৬ নম্বর কক্ষে প্রদর্শনসহ প্রতিষ্ঠান প্রধান কর্তৃক স্বাক্ষরিত ফরওয়ার্ডিং ও মোট শিক্ষার্থীর তালিকা বোর্ডে জমা দানের সময়	১৫ ফেব্রুয়ারি হতে ০৫ মার্চ ২০২৬খ্রি.
৬।	প্রতিষ্ঠানে ৩য় পর্বের ক্লাশ শুরুর সময়	বর্ষপূঞ্জি অনুযায়ী ক্লাশ শুরুর হবে।

#### (ঘ) শিক্ষার্থীগণ আবেদনের সময় জমাকৃত ডকুমেন্ট ও ফি বিষয়ক তথ্যাদি :

১।	এসএসসি ও এইচএসসি পাশের সনদপত্র;
২।	এসএসসি ও এইচএসসি পাশের নথরপত্র;
৩।	এসএসসি ও এইচএসসি-এর রেজিস্ট্রেশন কার্ড;
৪।	পাসপোর্ট সাইজের রশ্মি ছবি-৩ কপি;
৫।	প্রতিষ্ঠান হতে নির্ধারিত ভর্তির আবেদন ফরম ৫০/- টাকা জমা দিয়ে উত্তোলন করতে হবে (প্রতিষ্ঠান প্রাপ্য হবে) এবং আবেদনপত্র জমা দেওয়ার সময় রশ্মির মাধ্যমে ১০০/- টাকা জমা দিতে হবে (বোর্ড প্রাপ্য হবে);
৬।	প্রতিষ্ঠান প্রধানগণ আবেদনপত্র বাবদ প্রাপ্ত অর্থ সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড বরাবর শুমাত্র পোনালী ব্যাংক পিএলসি ব্যাংকের মাধ্যমে ব্যাংক ডাফট/লে-অর্ডার করবেন।

বিঃদ্রঃ ক) অনলাইনে শিক্ষার্থীর তথ্য প্রেরণের সময় প্রতিষ্ঠান ও টেকনোলজি নির্বাচন না করলে আবেদন বাতিল বলে গণ্য হবে;

খ) ভর্তির সময় শিক্ষার্থীকে আবশ্যিকভাবে এসএসসি ও এইচএসসি এর মূল নথরপত্র শিক্ষা প্রতিষ্ঠানে জমা দিতে হবে এবং এবং ছকে বর্ণিত তারিখের মধ্যে জমাকৃত মূল নথরপত্র বোর্ডে প্রদর্শন করতে হবে। মূল নথরপত্র বোর্ডে প্রদর্শনে ব্যর্থ হলে শিক্ষার্থী ভর্তি বাতিল বলে গণ্য হবে।

  
২৬.১১.২৫

(মোঃ আনোয়ারুল করিম)

পরিচালক (কারিকুলাম)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন: ০২৫৫০০৬৫২৩